

## ২০০৬ সালের মধ্যে সকল ক্ষেত্রে কম্পিউটার ব্যবহার করা হবে

শিক্ষামন্ত্রী

ইত্তেফাক রিপোর্ট ৷ শিক্ষামন্ত্রী ডঃ এম ওসমান ফারুক বলেছেন, দূরশিক্ষণ বর্ধক বরাদ্দে শিক্ষার উন্নয়ন ব্যবস্থা। এক্ষেত্রে আইসিটি তৎপূর্ণ ভূমিকা পালন করতে পারে। গতকাল রবিবার বিয়ান মিলনায়তনে 'ডিসটেল লার্নিং এন্ড আইসিটি ইন এডুকেশন' শীর্ষক এক সেমিনারে প্রধান অতিথি হিসেবে বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী একথা বলেছেন। শিক্ষা সচিব শহীদুল আলমের সভাপতিত্বে সেমিনারে বক্তৃতা করেন ইউনেস্কোর সহকারী মহাপরিচালক ডঃ আব্দুল ওয়াহিদ বান, উনুত বিশ্ববিদ্যালয়ের ডিসি ডঃ এরশাদুল বারী, বাংলাদেশ ন্যাশনাল কমিশন ফর ইউনেস্কোর সচিব সৈয়দ জগমুল পাশা। মূল প্রবন্ধ পাঠ করেন সাউথ ইস্ট বিশ্ববিদ্যালয়ের ডিসি ডঃ শমসের আলী। শিক্ষামন্ত্রী বলেন, আইসিটি ব্যবহারের জন্য ব্যাপকভাবে প্রশিক্ষণ কর্মসূচী চালু করা জরুরী। তিনি বলেন, ২০০৬ সালের মধ্যে দেশের সকল ক্ষেত্রে কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করা হবে।